রাজধানীর মিরপুরে থানার ভেতরে ৩ ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবী থানা প্রাঙ্গণে ককটেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। রোববার (৮ নভেম্বর) সন্ধ্যা পৌনে ৮টার দিকে মোটরসাইকেলে আসা দুই ব্যক্তি ফ্লাইওভারের ওপর থেকে থানার ভেতরে তিনটি ককটেল ছোড়েন। এর মধ্যে একটি থানার ফটকের সামনে বিস্ফোরিত হয়। ঘটনায় স্পেশাল রেসপন্স ব্যাটালিয়নের (এসআরবি) এক সদস্য আহত হয়েছেন।

ঘটনার পর থানার ভেতরে থাকা পুলিশ সদস্যদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। বিস্ফোরণের শব্দে তারা বাইরে বেরিয়ে আসেন। আশপাশে থাকা বিএনপির নেতাকর্মীরাও শব্দ শুনে থানার দিকে এগিয়ে যান।

পল্লবী থানায় দায়িত্ব পালনরত এক এএসআই এশিয়া পোস্টকে জানান, বিস্ফোরণের শব্দ এতটাই জোরালো ছিল যে পুরো থানা কেঁপে ওঠে। তবে তার ভাষ্য অনুযায়ী, এ ঘটনায় কেউ হতাহত হননি।

ঘটনার একটি ভিডিওতে দুই ব্যক্তিকে মোটরসাইকেলে করে ফ্লাইওভারের ওপর অবস্থান করতে দেখা যায়। সেখান থেকেই তারা থানা কম্পাউন্ড লক্ষ্য করে ককটেল ছুড়ে দ্রুত সরে যান।

পল্লবী থানার ওসি জালাল উদ্দিন বলেন, আতঙ্ক ছড়ানোর উদ্দেশ্যে থানার প্রাঙ্গণে ককটেল বিস্ফোরণ ঘটানো হয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করা সম্ভব হয়নি।

এদিকে রাজধানীর বিভিন্ন স্থানে ধারাবাহিক ককটেল বিস্ফোরণের ঘটনায় উদ্বেগ বাড়ছে। একই দিন মালিবাগে সিআইডির প্রধান কার্যালয়ের সামনের সড়কেও বিস্ফোরণের ঘটনা ঘটে। তবে পল্লবী থানা ও সিআইডি কার্যালয়ের সামনে সংঘটিত এসব ঘটনায় কারা জড়িত, তা এখনো শনাক্ত করা যায়নি।